

জনপ্রশাসন

- প্রশাসনকে গতিশীল ও যুগোপযোগী করতে বিভিন্ন মন্ত্রণালয়ে প্রায় ৩ লক্ষ পদ সৃজন। সরকারী চাকুরিতে প্রবেশের সময়সীমা ৩২ বছরে উন্নীত।
- জাতীয় বেতন স্কেল ২০০৯ বাস্তবায়ন।
- বিভিন্ন মন্ত্রণালয় ও বিভাগের অধীন রাজস্ব খাতে প্রথম শ্রেণীর পদে ২১ হাজার ৩২ জন, দ্বিতীয় শ্রেণীর পদে ২৮ হাজার জন, তৃতীয় শ্রেণীর পদে ১ লক্ষ ২৯ হাজার ৬৯৬ জন এবং চতুর্থ শ্রেণীর পদে ২৪ হাজার ৫৯০ জন সর্বমোট ২ লক্ষ ৩ হাজার ৩১৮ জন জনবল নিয়োগ।
- ২৮তম, ২৯তম, ৩০তম ও ৩১তম বিসিএস পরীক্ষায় বিভিন্ন ক্যাডার সার্ভিসে ৫ হাজার ৯৭২ জনকে নিয়োগ প্রদান। আরো ৪ হাজার ৮১৭ জন নিয়োগের কার্যক্রম অব্যাহত।
- উপ-সচিব থেকে সচিব পর্যন্ত প্রায় ৩ হাজার কর্মকর্তাকে পদোন্নতি প্রদান।
- গণকর্মচারীদের অবসর গ্রহণের বয়স ৫৭ বছর থেকে বৃদ্ধি করে ৫৯ বছর নির্ধারণ এবং মুক্তিযোদ্ধাদের অবসর গ্রহণের বয়স ৫৭ বছর থেকে বৃদ্ধি করে ৬০ বছর নির্ধারণ।
- দীর্ঘদিন ধরে বন্ধ থাকা খুলনার পিপলস জুট মিলস এবং সিরাজগঞ্জের কওমী জুট মিলস চালু।
- বিজেএমসি'র ২৭টি পাটকলের মধ্যে ২৩টি চালু। আরো তিনটি চালু করার উদ্যোগ গ্রহণ।